বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম

১৮.১৬.০০০০.৩৫২.৬৫.০৮৮.১৭- ২৬২৯ তারিখঃ ৩১.০৮.২০১৭খ্রিঃ

বিষয়ঃ- "ইনোভেশন টিম" সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| চিফ ইনোভেশন অফিসার | ঃ বেগম ইয়াসমিন আফসানা<br>নির্বাহী পরিচালক (অর্থ)<br>বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম। |
| সভার তারিখ ও সময় | ঃ ৩১.০৮.২০১৭খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ কনফারেন্স রুম, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম। |
| সভার উপস্থিত সদস্যবৃন্দ | ঃ পরিশিষ্ট "ক"। |

সভার প্রারম্ভে চিফ ইনোভেশন অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব ইনোভেশন টিমের সাব-কমিটি কর্তৃক দাখিলকৃত ইনোভেশন সাব-কমিটি সভার কার্যবিবরণী পড়ে শোনান। উক্ত কার্যবিবরণীতে জনাব শেখ হাসানুল বান্না, সহকারী মহাব্যবস্থাপক (হিসাব) ও জনাব আসাদ উল্লাহ, সহকারী ব্যবস্থাপক (হিসাব) "নাগরিক সেবায় উদ্ভাবন" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় ইতোপূর্বে অংশগ্রহণ করেছেন বিধায় তাদের দুইজনকে সাব-কমিটিতে অন্তভূক্ত করার সুপারিশ করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয় এবং তাদেরকে সাব-কমিটিতে অন্তর্ভূক্ত করার বিষয়ে সবাই একমত প্রকাশ করেন।

০২। সাব-কমিটির সভাপতি কমিটিতে একই পদে কর্মরত দুজন কর্মকর্তার একজন সভাপতি ও একজন সদস্য সচিব হিসেবে কাজ করার বিষয়টি বেমানান প্রতীয়মান হয় এবং কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করনে অসুবিধা হচ্ছে উল্লেখপূর্বক বর্তমান সাবকমিটি টি উপ-মহাব্যবস্থাপক পদমর্যাদার একজন যোগ্য কর্মকর্তাকে সভাপতি এবং সহকারী ব্যবস্থাপক বা সুপারিনটেনডেন্ট পদমর্যাদার একজন কর্মকর্তা/কর্মচারিকে সদস্য-সচিব মনোনয়ন দেয়ার সুপারিশ করা হয়। কমিটির সকলে বিষয়টি নিয়ে আলোচনা করেন এবং অসুবিধার বিষয়টি অনুধাবনপূর্বক জনাব আসাদ উল্লাহ, সহকারী ব্যবস্থাপক (হিসাব) কে সাব-কমিটির সদস্য-সচিব হিসেবে মনোনয়ন দেয়ার বিষয়ে একমত পোষণ করেন।

০৩। এছাড়া সাব কমিটির ২(দুই) জন সদস্য জনাব মোঃ নাছির উদ্দিন চৌধুরী, সহকারী মহাব্যবস্থাপক (সচিবালয়) ও জনাব মুহাম্মদ রেজাউল করিম, সহকারী মহাব্যবস্থাপক (চার্টারিং) ইনোভেশন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহন করেনি বিধায় ভবিষ্যতে সুযোগ আসলে তাদের অংশগ্রহনের ব্যবস্থা গ্রহন করার সুপারিশ করেন। এই বিষয়ে ইনোভেশন অফিসার বলেন প্রশিক্ষণ কর্মকর্তা-কর্মচারীকে শাণিত করে। মূল কমিটির সকলে বিষয়টিতে একমত পোষণ করেন।

০৪। কমিটির সদস্য মহাব্যবস্থাপক (প্রশাসন) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের ইনোভেশন টিম এর ০৪-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পড়ে শোনান। উক্ত কার্যবিবরণীর আলোকে বিএসসি'র গৃহীত পদক্ষেপ এবং বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন। তিনি জানান ২০১৭-২০১৮ অর্থ বছরে ৩টি উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। তার মধ্যে একটি -"বিএসসির সাধারণ বিনিয়োগকারীগণের অর্জিত লভ্যাংশ বিএসসির ব্যবস্থাপনায় সরাসরি বিনিয়োগকারীর ব্যাংক হিসাবে জমা প্রদান" বিষয়ক পরিকল্পনাটি এই অর্থ বছরে বাস্তবায়ন করা সম্ভব নয়। অন্য দুটির কার্যক্রমে সন্তোষজনক অগগতি আছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

০৫। সিদ্ধান্ত ঃ- সার্বিক আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১) জনাব শেখ হাসানুল বান্না, সহকারী মহাব্যবস্থাপক (হিসাব) ও জনাব আসাদ উল্লাহ, সহকারী ব্যবস্থাপক (হিসাব) কে সাব-কমিটিতে অন্তভূক্ত করা ;

২) জনাব আসাদ উল্লাহ, সহকারী ব্যবস্থাপক (হিসাব) কে ইনোভেশন সাব-কমিটির সদস্য-সচিব হিসেবে মনোনয়ন দেয়া ;

৩) সুযোগ আসলে জনাব মোঃ নাছির উদ্দিন চৌধুরী, সহকারী মহাব্যবস্থাপক (সচিবালয়) ও জনাব মুহাম্মদ রেজাউল করিম, সহকারী মহাব্যবস্থাপক (চার্টারিং) কে ইনোভেশন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় প্রেরণ করা ;

৪) বিনিয়োগকারীদের অর্জিত লভ্যাংশ বিএসসির ব্যবস্থাপনায় বিনিয়োগকারীদের ব্যাংক হিসাবে প্রদান সংক্রান্ত পরিকল্পনাটি অতিশয় Hightech ও Software ভিত্তিক হওয়ায় এ মুহূর্তে দক্ষ জনবল প্রস্তুত না হওয়ায় এ কর্ম পরিকল্পনা বাদ দেয়ার সিদ্ধান্ত ;

৫) প্রতি মাসে ইনোভেশন টিম এর সভা অনুষ্ঠিত হওয়া এবং এর কার্যবিবরণী মন্ত্রণালয়ে এবং সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা।

০৬। আর কোন আলোচ্যসূচী না থাকায় চিফ ইনোভেশন অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.০৭.১৭

(ইয়াসমিন আফসানা)
নির্বাহী পরিচালক (অর্থ)
ও
ইনোভেশন টিমের চিফ ইনোভেশন অফিসার

বিতরণঃ- ইনোভেশন টিম ও সাব-টিমের সকল সদস্য।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ-

০১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)।

০২। নির্বাহী পরিচালক (অর্থ)/(প্রযুক্তি)/(বাণিজ্য), বিএসসি, চট্টগ্রাম।

০৩। সহকারী মহাব্যবস্থাপক টু, ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।